দৈনিক ইত্তেফাক

তারিখ 06 JAN 1990
পৃষ্ঠা 2 কলাম 9

01

## পরীক্ষার ফল প্রকাশে বিলম্ব

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৬-৮৭ শিক্ষা বৎসরের ১ম পর্ব মাষ্টার্স পরীক্ষা সেসন জটের কারণে গত সেপ্টেম্বর ও অক্টোবর মাসে অনুষ্ঠিত হইয়াছে। নিয়ম অনুযায়ী সংশ্লিষ্ট পরীক্ষা অনুষ্ঠানের ৭ দিনের মধ্যে পরীক্ষার উত্তরপত্র স্ব স্ব বিষয়ের পরীক্ষকবৃন্দের গ্রহণ করার কথা। কিন্তু নানা অজুহাতে পরীক্ষকগণ অনেক বিলম্বে উত্তরপত্র গ্রহণ করেন এবং বিলম্বে উত্তরপত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট দাখিল করেন। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সমাপনের পর যেখানে ফলাফল প্রকাশে তিন মাস সময় লাগার কথা, সেখানে প্রায় এক হইতে দেড় বৎসর সময় অযথা নষ্ট হয়। ইহা সেশন জটের অন্যতম কারণ। ফলে দুই বৎসরের শিক্ষা বর্ষ সমাপ্ত করিতে প্রায় ৪/৫ বৎসর সময় ব্যয় হয়। যাহার পরিণামে একজন ছাত্রকে অযথা দীর্ঘদিন ধরিয়া গরীব বাবা-মার বোঝা হইয়া থাকিতে হয়। ফলে চাকুরীর সর্বোচ্চ সময়সীমা ২৭ বৎসর অতিক্রান্ত হইয়া যায়। কাজেই পরীক্ষার তিন মাসের মধ্যে ফলাফল প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন রহিল।

—কামাল আহম্মেদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, ঢাকা।